

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৩

আগরতলা, ০৬ এপ্রিল, ২০ ১৮

জনতার দরবার অনুষ্ঠিত

আজ মহাকরণের ২নং কনফারেন্স হলে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব জনতার দরবার কর্মসূচীতে জনতার বিভিন্ন সমস্যার কথা শুনেন। রাজ্যের নানা প্রান্ত থেকে অনেকেই মুখ্যমন্ত্রীর অভিনব কর্মসূচী ‘‘জনতার দরবার’’-এ তাঁদের নানা সমস্যার সমাধান পেতে ছুটে আসেন। মুখ্যমন্ত্রী জনতার নানা সমস্যার কথা শুনে তাদের সমস্যা সমাধানে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য কর্মসূচীতে উপস্থিত সংশ্লিষ্ট দপ্তরের সচিবদের নির্দেশ দেন এবং জনতাকে আশ্বস্ত করেন। কর্মসূচীতে মুখ্যসচিব সঞ্জীব রঞ্জনও উপস্থিত ছিলেন।
